# Tripura University in News & Media

**Tripura Darpan, dt. 22/10/22**

## দিব্যাঙ্গদের কল্যাণে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে বিশেষ কর্মসূচি

দর্পণ প্রতিনিধি, আগরতলা, ২১ অক্টোবর।। রাজ্যের দিব্যাঙ্গদের সাহাযার্থে এগিয়ে এসেছে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় রেডক্রশ সোসাইটি উত্তর পূর্বাঞ্চল দিব্যাঙ্গ সমিতি। আগামী ১২ এবং ১৩ নভেম্বর ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে দিব্যাঙ্গদের জন্য অনুষ্ঠিত হবে বিশেষ কর্মসূচি। এর মধ্যে থাকছে কর্মসংস্থানের মেলা, ঋণ প্রদানের মেলা, দিব্যাঙ্গদের বিভিন্ন সামগ্রীর প্রদান, রক্তদান শিবির, স্বাস্থ্য শিবির এবং বিনামূল্যে ঔষধ বিতরণ করা হবে এই বিশেষ কর্মসূচির মধ্যদিয়ে। শুক্রবার বিকেল ৪টায় আগরতলা প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই সংবাদ জানিয়েছে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গঙ্গাপ্রসাদ প্রসিন, হেলথ ইন্ডিয়ার সম্পাদক অমিতাভ চৌধুরী, রেডক্রশ সোসাইটির রাজ্য শাখার সেক্রেটারি প্রসনজিৎ বিশ্বাস প্রমুখরা।

**Manush patrika, dt. 22/10/22**

## দিব্যাঙ্গদের জন্য চাকুরি মেলা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ অক্টোবর ঃ** এবার দিব্যাঙ্গদে জন্য চাকুরি মেলা ও লোন মেলার সুযোগ নিয়ে আসছে দিল্লির হেল্দি ইন্ডিয়া ক্রোনিকেল। ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথভাবে আগামী ১২ ও ১৩ নভেম্বর এই অনুষ্ঠান হবে। জব মেলা, লোন মেলার পাশাপাশি দিব্যাঙ্গদের মধ্যে কিছু প্রয়োজনীয় সামগ্রীও বিতরণ করা হবে। তাছাড়া স্বাস্থ্য শিবিরও রক্তদান শিবিরও রাখা হয়েছে। শুক্রবার আগরতলা প্রেসক্লাবে এইচ আইসি এবং ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে যৌথ সাংবাদিক সম্মেলনে এই খবর জানানো হয়। তাদের উদ্দেশ্য অন্তত দেড় হাজার দিব্যাঙ্গ ছেলে মেয়েকেকাজের সুযো করে দেওয়া। তাদের আত্মনির্ভর করতেই এই উদ্যোগ। এই কর্মসূচীর নাম দেওয়া হয় নর্থ ইস্ট ডিজঅ্যাবিলিটি সামিট ২০২২।

Pratibadi kal…
dt. 22/1…

# রাজ্যে হবে নর্থ-ইস্ট ডিজেবিলিটি সামিট-২০২২

প্রতিবাদী কলম প্রতিনিধি, আগরতলা, ২১ অক্টোবর।। নর্থ-ইস্ট ডিজেবিলিটি সামিট-২০২২ আয়োজন করতে চলছে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়। সংবাদ সংস্থা হেলদি ইন্ডিয়া ক্রনিক্যালের সহযোগিতায় আগামী ১২ ও ১৩ নভেম্বর ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে রাজ্যের দিব্যাঙ্গদের জন্য এই বিশেষ সামিট। শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে এই সামিট সম্পর্কে জানান উপাচার্য গঙ্গা প্রসাদ প্রসেইন। রাজ্যে প্রথমবারের মত অনুষ্ঠিত হতে চলেছে দিব্যাঙ্গজনদের জন্য এই বিশেষ সামিট। যেখানে থাকছে চাকরি মেলা, ঋণ মেলা-সহ স্বাস্থ্য শিবির, রক্তদান শিবির ও দিব্যাঙ্গ জনদের জন্য সহায়ক যন্ত্রপাতি বিতরণ। আয়োজকদের পক্ষে এদিন উপাচার্য বলেন, হেলদি ইন্ডিয়া ক্রনিক্যাল উত্তর-পূর্বের বিভিন্ন রাজ্যগুলিতে দিব্যাঙ্গজনদের জন্য এই বিশেষ সামিট আয়োজন করে চলছে। আসাম, মেঘালয়ের পর ত্রিপুরায় এটি তৃতীয় সামিট। যেখানে ন্যাশনাল ক্যারিয়ার সার্ভিস সেন্টারের সহযোগিতায় অনুষ্ঠিত হবে চাকরি মেলা। তাছাড়া ন্যাশনাল হ্যান্ডিক্রাপ্ট ফাইনান্স এন্ড ডেভেলপমেন্ট কর্পোরেশনের সহযোগিতায় এক ঋণ মেলার আয়োজন করা হয়েছে। যেখানে প্রায় এক কোটি টাকা ঋণ দেওয়ার পরিকল্পনা নিয়েছে কর্পোরেশন। তাছাড়া সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ মন্ত্রণালয়ের সহযোগিতায় দিব্যাঙ্গজনদের মধ্যে বিভিন্ন ধরনের সহায়ক যন্ত্র বিলি করা হবে। দু'দিনব্যাপী এই অনুষ্ঠানে রেডক্রস সোসাইটির সহযোগিতায় অনুষ্ঠিত হবে এক রক্তদান শিবির এবং ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সহযোগিতায় অনুষ্ঠিত হবে এক স্বাস্থ্য শিবির।

Tripura times,
dt. 22/10/22

# Tripura University to host North East Disability Summit-2022

**Times News**




**Agartala, Oct 21:** Healthy India Chronicle (HIC), New Delhi and Tripura University (A central University) will jointly organize the "North East Disability Summit-2022" on November 12 and 13 next in collaboration with the NCSCDA, NHFDC, ALIMCO, IMA, Indian Red Cross Society and others.

The two-day long submit- 'Aatma Nirbhar Divyangjan", will focus on Empowerment of Divyangjan through various Initiatives in North East States".

Several Ministers from State and Central government along with senior level officers and experts are likely to grace the occasion along with several senior level officers from Central Government and Various Northeast State Government.

The summit in addition with technical sessions shall also include the following:

Job Mela in Collaboration with National Career Service Centre for Differently, Abled (NCSCDA), Directorate General of Employment (DGE), Ministry of Labour & Employment,Govt.of India, Loan Mela in Collaboration with National Handicapped Finance and Development Corporation (NHFDC), Ministry of Social Justice and Empowerment, Government of India, Free Assistive Devices Distribution in Collaboration Artificial Limbs.

Dainik Ganadoot,
dt. 23/10/22

সিপিআইএম দল ত্যাগ করে ৭১১ কোন ক্ষতি নেই। আজ সিনহাকে খুন হতে হয়।

# দিব্যাঙ্গজনদের স্বাবলম্বনে বিশ্ববিদ্যালয়ে সেমিনার হচ্ছে




আগরতলা, ২২ অক্টোবর।। হেলথি ইন্ডিয়া ক্রনিকেল (এইচআইসি) এবং ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে উত্তরপূর্ব দিব্যাঙ্গজনদের আত্মনির্ভর বিষয় এক কর্মশালা আগামী ১২ এবং ১৩ নভেম্বর অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে উত্তরপূর্বাঞ্চল এবং কেন্দ্রীয় মন্ত্রিসভার সদস্যরা উপস্থিত থাকবেন। দিব্যাঙ্গজনদের জন্য জব মেলা লোন মেলা এবং বিনামূল্যে চলন সামগ্রী দেওয়া হবে এবং রক্তদান অনুষ্ঠানের আয়োজন হবে। অনুষ্ঠানকে সফল করে তোলার জন্য উপাচার্য অধ্যাপক গঙ্গাপ্রসাদ প্রসেইন এইচ আইসির সম্পাদক অমিতাভ চৌধুরী, রেডক্রস সোসাইটি ত্রিপুরার প্রসেনজিৎ বিশ্বাস, প্রভা সভাপতি ভাস্কর দাশগুপ্ত, বিশ্ববিদ্যালয়ের কো-অর্ডিনেটর সব্যসাচী দাশগুপ্ত সহ অন্যান্যদের নিয়ে পরিচালন কমিটি গঠন করা হয়েছে বলে বিশ্ববিদ্যালয় থেকে বিবৃতিতে জানানো হয়েছে।